# NYC Public Schools PS+YOU

From Chancellor **David C. Banks**

## চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার








**অতীত পর্যালোচনা করছি এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত হচ্ছি**

প্রিয় পরিবারবর্গ ও কর্মীবৃন্দ,

বিশ্বাস করতে কষ্ট হচ্ছে যে আমরা আরেকটি শিক্ষা বছরের শেষ প্রান্তে পৌঁছে গেছি! এটা সবসময়ই একটু বিরতি নেয়ার এবং প্রতিফলনের জন্য গুরুত্বপূর্ণ সময়, এবং আমরা অনেক অগ্রগতি অর্জন করেছি।

শুধু এই সপ্তাহেই, আমাদের গণিত শিক্ষা পুনর্ভাবনার উদ্যোগ এনওয়াইসি সলভ্স্ (NYC Solves) ঘোষণা দিয়েছি, যা এই হেমন্তে (ফল-এ) 420-টি হাই স্কুলের পাশাপাশি আটটি ডিস্ট্রিক্টের 93-টি মিডল্ স্কুলে চালু হবে। এছাড়াও আমরা আমাদের নব্য গঠিত ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসিবল লার্নিং (DIAL) ঘোষণা করেছি, যা ডেপুটি চ্যান্সেলর ক্রিস্টিনা ফটি-এর (Christina Foti) নেতৃত্বাধীনে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী ও বহুভাষী (মাল্টিলিঙ্গুয়াল) শিক্ষার্থীদের সহায়তা প্রদান করবে।

এই ঘোষণাগুলো এনওয়াইসি রিডস্ (NYC Reads) থেকে শুরু করে, পুরো বছরের অগ্রগতির উপর ভিত্তি করে গঠিত হয়েছে। 2023-2024 শিক্ষা বছরে, সাক্ষরতা কেন্দ্রে স্থান করে নিয়েছে। আমরা আমাদের ডিস্ট্রিক্টগুলোর প্রায় অর্ধেকের এলিমেন্টারি স্কুলগুলোতে এবং আমাদের আর্লি চাইল্ডহুড (শৈশবকালীন শিক্ষা) পোর্টফোলিওর 90%-এর অধিক জুড়ে পড়ার অন্তর্নিহিত বিজ্ঞানের ভিত্তিতে আমাদের প্রমাণ-ভিত্তিক পাঠ্যক্রম চালু করেছি। এই হেমন্তে (ফল-এ) আমাদের সকল এলিমেন্টারি স্কুলগুলোতে এবং আর্লি চাইল্ডহুড ক্লাসরুমগুলোতে আমাদের পড়ার (রিডিং) উদ্যোগ গৃহীত হবে, সেজন্যে আমি উদ্দীপ্ত।

এছাড়াও, আমরা আমাদের কলেজ এবং ক্যারিয়ারের জন্য পথ-পরিক্রমার (পাথওয়ে) কাজে উল্লেখযোগ্য অগ্রগতি সাধন করেছি। এই প্রশাসন শুরু হবার পর থেকে, এপর্যন্ত আমাদের শিক্ষার্থীরা নর্থওয়েল হেলথ্ এবং গুগল-এর মত শীর্ষ কম্পানিগুলোতে বেতনভুক্ত কাজে অভিজ্ঞতা অর্জনের পাশাপাশি 8.2 মিলিয়ন ডলার উপার্জন করেছে। এই বছর, আমাদের ফিউচাররেডিএনওয়াইসি (FutureReadyNYC) প্রোগ্রামের মাধ্যমে, আমরা 10,000-এর বেশি শিক্ষার্থীকে ব্যবসা (বিজনেস), প্রযুক্তি (টেকনোলজি), শিক্ষা (এডুকেশন), এবং স্বাস্থ্যসেবার (হেলথ্ কেয়ার) ক্যারিয়ারের জন্য প্রস্তুত করা শুরু করেছি এবং এই প্রথমবারের মত, তাদের ইউনিভার্সিটিতে স্থান আছে তা নিশ্চিত করে উভয় SUNY এবং CUNY-এর কাছ থেকে প্রতিটি হাই স্কুল শিক্ষার্থী একটি চিঠি পেয়েছে।

তবে সফলতা অর্জনের এখানেই শেষ নয়। এছাড়াও আমরা:

- বিগত আট বছরের মধ্যে আমাদের নথিভুক্তি বা এনরোলমেন্টের পাশাপাশি আমাদের গণিতে 12% দক্ষতা এবং ELA-তে 3% দক্ষতা বৃদ্ধি পেতে দেখেছি, যা স্টেটের অন্য অংশগুলোর অগ্রগতির চেয়ে অধিক।
- সর্বমোট 487-টি প্রবেশ পথ সুরক্ষিত করতে তালাবদ্ধের ব্যবস্থা স্থাপন (ডোর লকিং ইনস্টলেশন) সম্পন্ন করেছি।
- কুইন্সের মোশন পিকচার টেক হাই স্কুল এবং ব্রুকলিনের বার্ড হাই স্কুল আর্লি কলেজ সহ এই সেপ্টেম্বরে নয়টি নতুন স্কুল খোলার ঘোষণা দিয়েছি।
- আমাদের প্রথম জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস (ক্লাইমেট অ্যাকশন ডে) চালু করেছি এবং কার্বসাইড কম্পোস্টিং আমাদের শতভাগ K-12 স্কুলে উন্নীত করেছি।
- প্রজেক্ট পিভট্ (PIVOT) 257-টি স্কুলে সম্প্রসারণ করেছি।
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত (স্পেশালাইজড্) প্রোগ্রামগুলোতে 1,000-এর বেশি আসন বৃদ্ধি করেছি এবং 800-এর বেশি স্পেশাল এডুকেশন প্রি-K আসন তৈরি করেছি।
- পরিবারদের চাহিদা মেটাতে 7,000-এর বেশি ইনফ্যান্ট (ছোট্ট শিশু), টডলার (সদ্য হাঁটতে শেখা শিশু), 3K, এবং প্রি-K আর্লি চাইল্ডহুড আসন পাঁচ বরোতে স্থানান্তর করেছি।
- শিক্ষার্থীদেরকে আমাদের সিটিকে প্রতিনিধিত্বকারী বৈচিত্র্যময় দৃষ্টিভঙ্গীতে উন্মোচিত করতে বিশ্বব্যাপী আফ্রিকান অভিবাসীদের (গ্লোবাল আফ্রিকান ডায়াস্পোরা) উপর হিডেন ভয়েসেস প্রকাশ এবং মুসলিম ও

জ্যুইশ আমেরিকান কমিউনিটির উপর হিডেন ভয়েসেস তৈরির পরিকল্পনা ঘোষণা দেয়ার মাধ্যমে আমাদের হিডেন ভয়েসেস সিরিজের সম্প্রসারণ অব্যাহত রেখেছি।

- আমাদের সামার রাইজিং প্রোগ্রামে 110,000-এর বেশি শিক্ষার্থীকে আসন অফার করেছি।
- আমাদের স্কুলগুলোতে প্রায় 40,000 অভিবাসী শিক্ষার্থীকে উন্মুক্ত মনে স্বাগত জানিয়েছি।

এই শিক্ষা বছরের উপর প্রতিফলন করে, আমি আমাদের শিক্ষকগণ, স্কুলের নেতৃবৃন্দ, এবং কর্মীদের প্রতি অত্যন্ত কৃতজ্ঞতা প্রকাশ করছি—আপনাদের অঙ্গীকার এবং কঠোর পরিশ্রমের তুলনা নেই। এসব অর্জনে আপনারা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন, এবং এগুলো কিন্ডারগার্টেনের কোনো শিক্ষার্থীকে তার প্রথম বাক্যটি পড়তে শেখানো থেকে শুরু করে একজন হাই স্কুল শিক্ষার্থীকে তার ডিপ্লোমা অর্জনে পথনির্দেশনা দেয়ার মত আমাদের 1600 স্কুলের অসংখ্য মাইলফলক হিসেবে না নিয়েই।

আমাদের পরিবারবর্গের প্রতি: আপনাদের অংশীদারিত্ব এবং আপনাদের ছেলেমেয়েদের NYC পাবলিক স্কুলগুলো বেছে নেয়ার জন্য ধন্যবাদ। আমাদের উপর আস্থা রাখার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

এছাড়াও আমি আমাদের প্যারেন্ট অ্যাসোসিয়েশন ও প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন, স্কুল লিডারশিপ টিম, কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল, টাইটেল ওয়ান (I) স্কুল ও ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, প্যানেল ফর এডুকেশনাল পলিসি, এবং আমাদের সকল প্যারেন্ট ও কমিউনিটি লিডারদের প্রতি কৃতজ্ঞ। অনুগ্রহ করে জেনে রাখুন, আমাদের স্কুলের কমিউনিটিগুলোতে পরিষেবা দিতে আপনার নিবেদিত অতিরিক্ত সময় ও প্রয়াশের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ।

একত্রে, আপনারা সকলে আমাদের শিক্ষার্থীদের জন্য বলিষ্ঠ সূচনা এবং উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলেন। আশা করছি আপনারা একটি বিশ্রামপূর্ণ গ্রীষ্ম উপভোগ করবেন। আমি ইতোমধ্যেই সেপ্টেম্বরের প্রত্যাশায় আছি—শ্রেষ্ঠত্ব আসবে আগামীতে!

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

**আমাদের স্পটলাইট ভিডিও:**



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে X, ফেসবুক, এবং ইনস্টাগ্রাম-এ অনুসরণ করুন।

এবং এখানে মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবস্ক্রাইব করুন।